কালের কণ্ঠ

তারিখ ... 09 MAY 2016 ...
পৃষ্ঠা ... [illegible] ... কলাম ... [illegible] ......

# অঙ্ক কষে বিড়ম্বনায় অধ্যাপক

**কালের কণ্ঠ ডেস্ক ▷**

যুক্তরাষ্ট্রের ফিলাডেলফিয়া থেকে আমেরিকান এয়ারলাইনসের একটি বিমানে চড়ে কানাডার ওন্টারিওতে যাচ্ছিলেন পেনসিলভানিয়া বিশ্ববিদ্যালয়ের অর্থনীতির অধ্যাপক গুইদো মেনজিও। কানাডার কুইন্স বিশ্ববিদ্যালয়ে ক্লাস নেওয়ার কথা ছিল তাঁর। সে কারণে প্রস্তুতি হিসেবে বিমানে বসেই ভিন্নধর্মী এক সমীকরণের সমাধান করছিলেন তিনি। কিন্তু বিমানের এক নারী সহযাত্রী তাঁর সেই সমীকরণকে সন্ত্রাসী চিহ্ন আর মেনজিওকে সন্ত্রাসী ভেবে ভুল করে বসলেন। যার ফলস্বরূপ ওই ফ্লাইটটি দেরিতে ছাড়তে হলো।

ঘটনাটি ঘটেছে গত বৃহস্পতিবার। ইতালির অর্থনীতিবিদ মেনজিও তাঁর সেই বিড়ম্বনার শিকার হওয়ার অভিজ্ঞতা যুক্তরাষ্ট্রের ওয়াশিংটন পোস্টের কাছে বর্ণনা করেন। তিনি নিজের ফেসবুক পেজেও ঘটনাটিকে 'অবিশ্বাস্য' বলে উল্লেখ করেছেন। তিনি লেখেন, 'নারীটি আমার পাশে বসলেন, আমাকে লিখতে দেখলেন এরপর কেবিন ক্রুর কাছে একটি নোট পাঠালেন। তিনি বলছিলেন তিনি অসুস্থ বোধ করছেন কিন্তু আমাকে যে সন্ত্রাসী মনে হচ্ছে সেটিও তিনি বলেছেন।'



নারী যাত্রীর অভিযোগের পর মেনজিওকে বিমান থেকে নামিয়ে পুলিশের কাছে নিয়ে জেরা করা হয়। তাঁর দেওয়া কাগজটি পুলিশকে দেখালে তাদের ভুল ভাঙে।

ওয়াশিংটন পোস্টকে মেনজিও বলেন, 'এটি একদিকে যেমন হাস্যকর ঘটনা তেমনি উদ্বেগেরও। মানুষের সন্দেহজনক গতিবিধি দিন দিন সমস্যা তৈরি করছে। বিশেষ করে বিদেশিদের নিয়ে মানুষের মনের আতঙ্ক বাড়ছে—এটা উদ্বেগের বিষয়।'

আমেরিকান এয়ারলাইনস কর্তৃপক্ষ জানায়, তাদের যাত্রীর ভালোমন্দ দেখা তাদের দায়িত্ব, আর সে কারণেই ওই অধ্যাপককে জিজ্ঞাসাবাদ করা হয়েছে। যদিও শেষ পর্যন্ত সন্দেহ ভুল প্রমাণিত হয়েছে। তারা আরো জানায়, অভিযোগকারী নারী যাত্রীর জন্য পরবর্তী ফ্লাইট বুক করা হয়েছিল। সাম্প্রতিক সময়ে বিমানযাত্রীদের মধ্যে সন্ত্রাসবাদের আতঙ্কের কারণে বিমানগুলোকে বিভিন্ন সংকটের মুখোমুখি হতে হচ্ছে। সূত্র : বিবিসি।